গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

সচিব, সেতু বিভাগ

এবং

মন্ত্রিপরিষদ সচিব-এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ১, ২০১৭ - জুন ৩০, ২০১৮



মুদ্রণ তারিখ: রবিবার , জুলাই ০২, ২০১৭

## সূচিপত্র


মন্ত্রণালয়/বিভাগের কর্মসম্পাদনের সার্বিকচিত্র ........ ৩

প্রস্তাবনা ........ ৪

সেকশন ১: মন্ত্রণালয়/বিভাগের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি ........ ৫

সেকশন ২: মন্ত্রণালয়/বিভাগের বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact) ........ ৬

সেকশন ৩: কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ ........ ৭

সংযোজনী ১: শব্দসংক্ষেপ (Acronyms) ........ ১২

সংযোজনী ২: কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী দপ্তর/সংস্থাসমূহ এবং পরিমাপ পদ্ধতি ........ ১৩

সংযোজনী ৩: কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে অন্যান্য মন্ত্রণালয়/বিভাগের উপর নির্ভরশীলতা ........ ১৬

# মন্ত্রণালয়/বিভাগের কর্মসম্পাদনের সার্বিক চিত্র
# (Overview of the Performance of the Ministry/Division)

**সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা**

**সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ:**

সেতু বিভাগ ১৫০০ মিটার বা তদূর্ধ্ব দৈর্ঘ্যের সেতু, টোল রোড, ট্যানেল, ফ্লাইওভার, এক্সপ্রেসওয়ে, কজওয়ে, রিং রোড ইত্যাদির সম্ভাব্যতা যাচাই, পরিকল্পনা, বাস্তবায়ন, পরিবীক্ষণ ইত্যাদি দায়িত্ব পালন করে থাকে। সেতু বিভাগের অভিলক্ষ্য ও কৌশলগত উদ্দেশ্যের সাথে সংগতি রেখে সাম্প্রতিক বছরসমূহে উল্লেখযোগ্য অগ্রগতি অর্জিত হয়েছে। পদ্মা বহুমুখী সেতু প্রকল্পের আওতাধীন মূল সেতুর নির্মাণ কাজের ৪০% ভৌত অগ্রগতি অর্জিত হয়েছে। ঢাকা শহরের যানজট নিরসনে প্রায় ৪৬.৭৩ কিলোমিটার দীর্ঘ ঢাকা এলিভেটেড এক্সপ্রেসওয়ের নির্মাণ কাজ শুরু হয়েছে এবং ইতোমধ্যে ১০% ভৌত অগ্রগতি সাধিত হয়েছে। কর্ণফুলী নদীর তলদেশে প্রায় ৩.৪০ কিলোমিটার দীর্ঘ টানেল জি-টু-জি ভিত্তিতে নিমার্ণে ৮৪৪৬.৬৩ কোটি টাকা প্রাক্কলিত ব্যয়ে প্রকল্পটি একনেক কতৃর্ক অনুমোদিত হয়েছে। এ টানেল নির্মাণে নির্মাণকারী প্রতিষ্ঠানের সাথে বাণিজ্যিক চুক্তি স্বাক্ষরিত হয়েছে। সাম্প্রতিক সময়ে বঙ্গবন্ধু সেতুর পর্যবেক্ষণ (সার্ভিলেন্স) ব্যবস্থার উন্নয়ন, পৃথক ট্রাক লেন নির্মাণ, ফাটল মেরামত কাজ সম্পন্ন করা হয়েছে এবং মুক্তারপুর সেতুতে স্বয়ংক্রিয় টোল সংগ্রহ পদ্ধতি চালু করা হয়েছে। বিআরটি প্রকল্পের এলিভেটেড অংশের ডিজাইন চূড়ান্ত হয়েছে। তাছাড়া বৃহত্তর বরিশাল জেলায় আরও ৩টি সেতু নির্মাণে সম্ভাব্যতা সমীক্ষা সম্পন্ন হয়েছে।

**সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ:**

সেতু বিভাগের কার্যক্রম বাস্তবায়নের ক্ষেত্রে কিছু সমস্যা/চ্যালেঞ্জও রয়েছে। এসমস্ত সমস্যা/চ্যালেঞ্জের মধ্যে রয়েছে পদ্মা বহুমুখী সেতু প্রকল্প এলাকায় নদী ভাঙ্গন, খননকৃত মাটি অপসারণ, নদীর গভীরে অতি ঘন চিকন বালিতে পাইল ড্রাইভিং। এছাড়া বঙ্গবন্ধু সেতু এলাকায় গাইড বাঁধ ও হার্ড পয়েন্ট এলাকায় নদী ভাঙ্গন একটি চ্যালেঞ্জ। ঢাকা এলিভেটেড এক্সপ্রেসওয়ে পিপিপি প্রকল্পে ভূমি অধিগ্রহণ ও স্থাপনা অপসারণ, বিআরটি প্রকল্পের নির্মাণ কাজ চলাকালে যানবাহন ব্যবস্থাপনা ইত্যাদিও সমস্যা/চ্যালেঞ্জ হিসেবে দেখা হচ্ছে।

**ভবিষ্যৎ পরিকল্পনা:**

সেতু বিভাগের বেশকিছু ভবিষ্যৎ পরিকল্পনা রয়েছে। এর মধ্যে আছে ঢাকা আশুলিয়া এলিভেটেড এক্সপ্রেসওয়ে নির্মাণ, পাটুরিয়া-গোয়ালন্দ অবস্থানে ২য় পদ্মা সেতু নির্মাণ, বঙ্গবন্ধু সেতুর উভয় প্রান্তের সংযোগ সড়ক-৪ লেনে উন্নীতকরণ। তাছাড়া যমুনা নদীর তলদেশে টানেল এবং ঢাকা শহরে সাবওয়ে নির্মাণে সম্ভাব্যতা সমীক্ষা পরিচালনা করা, বৃহত্তর বরিশাল জেলায় কিছু নতুন সেতু নির্মাণ, বঙ্গবন্ধু সেতুর ওজনস্কেলে ই-টিকেটিং পদ্ধতি চালুকরণ, এপ্রোচ রোড চার লেনে উন্নীতকরণ, মুক্তারপুর সেতু এলাকায় টোল অপারেশন ও নিরাপত্তা রক্ষায় নিয়োজিতদের জন্য আবাসিক ভবন নির্মাণের পরিকল্পনা রয়েছে। ২০১৮ সালের মধ্যে পদ্মা সেতুর নির্মাণ কাজ সমাপ্ত করার পরিকল্পনাও রয়েছে।

**২০১৭-২০১৮ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ:**

- পদ্মা বহুমুখী সেতু নির্মাণ প্রকল্পে মূল সেতুর ৭০%, নদীশাসন কাজের ৫৭.৫% সম্পন্ন করা;
- কর্ণফুলী নদীর তলদেশে টানেল নির্মাণ কাজের ২০% সম্পন্ন করা;
- ঢাকা এলিভেটেড এক্সপ্রেসওয়ে পিপিপি প্রকল্পের ২০% ভৌত নির্মাণ কাজ সম্পন্ন করা;

## প্রস্তাবনা (Preamble)

মন্ত্রণালয়/বিভাগসমূহ এবং আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০২১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়-এর দায়িত্বে নিয়োজিত মাননীয় মন্ত্রীর প্রতিনিধি হিসাবে সচিব, সেতু বিভাগ

এবং

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিনিধি হিসাবে মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ-এর মধ্যে ২০১৭ সালের জুলাই মাসের ০৬ তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

## সেকশন ১

## মন্ত্রণালয়/বিভাগের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি

**১.১ রূপকল্প (Vision)**

দেশব্যাপী নিরবচ্ছিন্ন পরিবহন (ট্রান্সপোর্টেশন) নেটওয়ার্ক।

**১.২ অভিলক্ষ্য (Mission)**

১৫০০ মিটার ও তদূর্ধ্ব সেতু, টোল রোড, টানেল, ফ্লাইওভার, এক্সপ্রেসওয়ে, এলিভেটেড এক্সপ্রেসওয়ে, কজওয়ে, রিং রোড ইত্যাদি নির্মাণ ও রক্ষণাবেক্ষণের মাধ্যমে নিরবচ্ছিন্ন পরিবহন ব্যবস্থা নিশ্চিতকরণ ও এর দক্ষতা বৃদ্ধি করা।

**১.৩ কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives)**

**১.৩.১ মন্ত্রণালয়/ বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ**

১. সমন্বিত ও নিরবচ্ছিন্ন পরিবহন (ট্রান্সপোর্টেশন) ব্যবস্থা নিশ্চিতকরণে সহায়তা করা;
২. বড় বড় শহরের যানজট হ্রাসকরণে সহায়তা করা;
৩. পরিবহন ব্যবস্থার দক্ষতা বৃদ্ধি করা।

**১.৩.২ আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ**

১. কার্যপদ্ধতি, কর্মপরিবেশ ও সেবার মানোন্নয়ন
২. দক্ষতার সঙ্গে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন নিশ্চিত করা
৩. আর্থিক ও সম্পদ ব্যবস্থাপনার উন্নয়ন
৪. দক্ষতা ও নৈতিকতার উন্নয়ন
৫. তথ্য অধিকার ও স্বপ্রণোদিত তথ্য প্রকাশ বাস্তবায়ন জোরদার করা

**১.৪ কার্যাবলি (Functions)**

১. ১৫০০ মিটার ও তদূর্ধ্ব সেতু, টোল রোড, টানেল, ফ্লাইওভার, এক্সপ্রেসওয়ে, এলিভেটেড এক্সপ্রেসওয়ে, কজওয়ে, রিং রোড ইত্যাদি পরিকল্পনা, বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন;
২. এ সকল সেতু, টানেল ও স্থাপনা ব্যবহারকারী বিভিন্ন শ্রেণির যানবাহনের টোল নির্ধারণ ও আদায়;
৩. এ সকল সেতু, টানেল ও স্থাপনা পরিচালনা ও রক্ষণাবেক্ষণ;
৪. বৃহৎ সেতু ও অন্যান্য স্থাপনার নির্ধারিত এলাকাসমূহের নিরাপত্তা নিশ্চিত করা।

## সেকশন ২

## মন্ত্রণালয়/বিভাগের বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)

| চূড়ান্ত ফলাফল/প্রভাব | চূড়ান্ত ফলাফল সূচক | একক | ভিত্তি বছর ২০১৫-২০১৬ | প্রকৃত অর্জন* ২০১৬-২০১৭ | লক্ষ্যমাত্রা ২০১৭-২০১৮ | প্রক্ষেপণ | | নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থাসমূহের নাম | উপাত্তসূত্র |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০১৮-২০১৯ | ২০১৯-২০২০ | | |
| নিরবচ্ছিন্ন পরিবহন ব্যবস্থা | দক্ষিণ ও দক্ষিণ-পশ্চিমাঞ্চলের সাথে ঢাকাসহ পূর্বাঞ্চলের যাতায়াত সময় হ্রাস | % | | | ০ | | ৩০ | | সেতু বিভাগের বার্ষিক প্রতিবেদন |
| বড় বড় শহরে ভ্রমণ সময় হ্রাস | উত্তরা হতে কুতুবখালী ভ্রমণ সময় হ্রাস | % | | | ০ | | | | সেতু বিভাগের বার্ষিক প্রতিবেদন |
| আন্ত: শহর ভ্রমণ সময় হ্রাস | ঢাকার সাথে উত্তরাঞ্চলের শহরগুলোর ভ্রমণ সময় হ্রাস | % | | | ০ | | | | সেতু বিভাগের বার্ষিক প্রতিবেদন |

*সাময়িক (provisional) তথ্য

## সেকশন ৩
## কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | ভিত্তি বছর ২০১৫-২০১৬ | প্রকৃত অর্জন* ২০১৬-২০১৭ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৭-২০১৮ অসাধারণ ১০০% | অতি উত্তম ৯০% | উত্তম ৮০% | চলতি মান ৭০% | চলতি মানের নিম্নে ৬০% | প্রক্ষেপণ ২০১৮-২০১৯ | প্রক্ষেপণ ২০১৯-২০২০ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| মন্ত্রণালয়/ বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | |
| [১] সমন্বিত ও নিরবচ্ছিন্ন পরিবহন (ট্রান্সপোর্টেশন) ব্যবস্থা নিশ্চিতকরণে সহায়তা করা; | ৪৭ | [১.১] পদ্মা বহুমুখী সেতু প্রকল্পে ক্ষতিগ্রস্থদের পুনর্বাসন (মোট পরিবার ২৭৪৪) | [১.১.১] পুনর্বাসনকৃত পরিবার (ক্রমপুঞ্জিভূত) | সংখ্যা | ৬.০০ | ২১৩০ | ২৩৩০ | ২৫৩০ | ২৫১০ | ২৪৯০ | ২৪৭০ | ২৪৫০ | ২৭৪৪ | ০ |
| | | [১.২] মুল সেতু নির্মাণ | [১.২.১] সম্পাদিত ভৌত নির্মাণ কাজ (ক্রমপুঞ্জিভূত) | % | ৬.০০ | ২৭ | ৪০ | ৭০ | ৬৭.৫ | ৬৫ | ৬২.৫ | ৬০ | ১০০ | ০ |
| | | [১.৩] নদীশাসন কাজ | [১.৩.১] সম্পাদিত ভৌত নির্মাণ কাজ (ক্রমপুঞ্জিভূত) | % | ৬.০০ | ২৫.৫ | ৩২.৫০ | ৫৭.৫০ | ৫৩.১২৫ | ৪৮.৭৫ | ৪৪.৩৭৫ | ৪০ | ১০০ | ০ |
| | | [১.৪] পরিবেশ সংরক্ষণের জন্য বনায়ন (ক্রমপুঞ্জিভূত) | [১.৪.১] সম্পাদিত বনায়ন কাজ | সংখ্যা | ৬.০০ | ২২০০০ | ৪২০০০ | ১৪২০০০ | ১৩২০০০ | ১২২০০০ | ১১২০০০ | ১০২০০০ | ২৯২০০০ | ০ |
| | | [১.৫] বঙ্গবন্ধু সেতুর রক্ষণাবেক্ষণ ও টোল আদায় কার্যক্রম | [১.৫.১] বঙ্গবন্ধু সেতুর নদীশাসন কাজের পাথর ক্রয় | % | ৬.০০ | ০ | ০ | ১০০ | ৯০ | ৮০ | ৭০ | ৬০ | ০ | ০ |
| | | | [১.৫.২]বঙ্গবন্ধু সেতুর পূর্ব পুনর্বাসন এলাকার সার্ভিস রোড মেরামত | % | ৫.০০ | | | ১০০ | ৯০ | ৮০ | ৭০ | ৬০ | ০ | ০ |
| | | | [১.৫.৩] বঙ্গবন্ধু সেতুর উভয় পাশে স্টেক ইয়ার্ড উন্নয়ন | % | ৪.০০ | | | ১০০ | ৯০ | ৮০ | ৭০ | ৬০ | ০ | ০ |
| | | | [১.৫.৪] বঙ্গবন্ধু সেতুর উভয় পাশে পৃথক ওজন স্টেশন নির্মাণ | % | ৩.০০ | | | ৭০ | ৬০ | ৫০ | ৪০ | ৩০ | ৩০ | ০ |
| | | [১.৬] মুক্তারপুর সেতু রক্ষণাবেক্ষণ ও সেতুর সংযোগ সড়কে অবস্থিত ক্ষতিগ্রস্থ সেতু মেরামত/পুনর্নির্মাণ কাজ | [১.৬.১] সম্পাদিত মেরামত/পুনর্নির্মাণ কাজ (ক্রমপুঞ্জিভূত) | % | ৩.০০ | ০ | ৮০ | ১০০ | ৯৭.৫ | ৯৫ | ৯২.৫ | ৯০ | ০ | ০ |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | ভিত্তি বছর ২০১৫-২০১৬ | প্রকৃত অর্জন* ২০১৬-২০১৭ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৭-২০১৮ অসাধারণ ১০০% | অতি উত্তম ৯০% | উত্তম ৮০% | চলতি মান ৭০% | চলতি মানের নিম্নে ৬০% | প্রক্ষেপণ ২০১৮-২০১৯ | প্রক্ষেপণ ২০১৯-২০২০ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| **মন্ত্রণালয়/ বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ** | | | | | | | | | | | | | | |
| | | [১.৬] মুক্তারপুর সেতু রক্ষণাবেক্ষণ ও সেতুর সংযোগ সড়কে অবস্থিত ক্ষতিগ্রস্থ সেতু মেরামত/পুনর্নির্মাণ কাজ | [১.৬.২] সেতুতে পট বিয়ারিং স্থাপন | % | ২.০০ | ০ | ০ | ১০০ | ৯৭.৫ | ৯৫ | ৯২.৫ | ৯০ | ০ | ০ |
| [২] বড় বড় শহরের যানজট হ্রাসকরণে সহায়তা করা; | ১৯ | [২.১] সাপোর্ট টু ঢাকা এলিভেটেড এক্সপ্রেসওয়ে প্রকল্পের পুনর্বাসন কার্যক্রম | [২.১.১] পুনর্বাসন ভিলেজ নির্মাণ কাজ (ক্রমপুঞ্জিভূত) | % | ৫.০০ | ০ | ০ | ২০ | ১৮ | ১৫ | ১২ | ১০ | ৭০ | ১০০ |
| | | | [২.১.২] অতিরিক্ত ক্ষতিপূরণ প্রদান (ক্রমপুঞ্জিভূত) | % | ৪.০০ | ০ | ২০ | ৪০ | ৩৮ | ৩৬ | ৩৪ | ৩০ | ৫০ | ১০০ |
| | | | [২.১.৩] অতিরিক্ত ভূমি অধিগ্রহণ পরিকল্পনা অনুমোদিত | তারিখ | ২.০০ | | | ০১-০৬-২০১৮ | ০৮-০৬-২০১৮ | ১৬-০৬-২০১৮ | ২৪-০৬-২০১৮ | ৩০-০৬-২০১৮ | | |
| | | [২.২] ২য় ও ৩য় ট্রাঞ্চের ইউটিলিটি স্থানান্তর ও ভবন অপসারণ | [২.২.১] ভবন ও অবকাঠামো অপসারণ | % | ৩.০০ | ০ | ৮০ | ১০০ | ৯৮ | ৯৫ | ৯২ | ৯০ | ০ | ০ |
| | | | [২.২.২] ২য় ও ৩য় ট্রাঞ্চের ইউটিলিটি স্থানান্তর | % | ৩.০০ | ০ | ৬০ | ১০০ | ৯৮ | ৯৫ | ৯২ | ৯০ | ০ | ০ |
| | | [২.৩] এক্সপ্রেসওয়ে নির্মাণ কাজ | [২.৩.১] সম্পাদিত ভৌত নির্মাণ কাজ (ক্রমপুঞ্জিভূত) | % | ২.০০ | ০ | ১০ | ২০ | ১৮ | ১৬ | ১২ | ১০ | ৫০ | ১০০ |
| [৩] পরিবহন ব্যবস্থার দক্ষতা বৃদ্ধি করা। | ১৪ | [৩.১] বিআরটি করিডোরের এলিভেটেড অংশ নির্মাণ | [৩.১.১] ঠিকাদার নিয়োজিত | তারিখ | ৩.০০ | | | ২৮-০২-২০১৮ | ৩১-০৩-২০১৮ | ৩০-০৪-২০১৮ | ৩১-০৫-২০১৮ | ৩০-০৬-২০১৮ | | |
| | | | [৩.১.২] সম্পাদিত ভৌত নির্মাণ কাজ (ক্রমপুঞ্জিভূত) | % | ২.০০ | | | ১০ | ৯ | ৮ | ৭ | ৬ | ৬০ | ১০০ |
| | | [৩.২] কর্ণফুলী টানেল নির্মাণ | [৩.২.১] অধিগ্রহণকৃত ভূমি (ক্রমপুঞ্জিভূত) | একর | ২.০০ | ২৪.৭ | ৬৪.৭ | ২৩৮.৩ | ২২৮.৩ | ২১৮.৩ | ২০৮.৩ | ১৯৮.৩ | | |
| | | | [৩.২.২] সম্পাদিত ভৌত নির্মাণ কাজ (ক্রমপুঞ্জিভূত) | % | ২.০০ | | ৫ | ২০ | ১৮ | ১৬ | ১৪ | ১২ | ৪০ | ১০০ |
| | | [৩.৩] ঢাকা আশুলিয়া এলিভেটেড এক্সপ্রেসওয়ে নির্মাণ | [৩.৩.১] ডিপিপি অনুমোদন | তারিখ | ৫.০০ | | | ৩০-০৪-২০১৮ | ১৫-০৫-২০১৮ | ৩০-০৫-২০১৮ | ১৫-০৬-২০১৮ | ৩০-০৬-২০১৮ | | |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | ভিত্তি বছর ২০১৫-২০১৬ | প্রকৃত অর্জন* ২০১৬-২০১৭ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৭-২০১৮ অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | প্রক্ষেপণ ২০১৮-২০১৯ | প্রক্ষেপণ ২০১৯-২০২০ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | |
| [১] কার্যপদ্ধতি, কর্মপরিবেশ ও সেবার মানোন্নয়ন | ৯ | [১.১] মন্ত্রণালয়/বিভাগে ই-ফাইলিং পদ্ধতি বাস্তবায়ন | [১.১.১] ই-ফাইলে নথি নিষ্পত্তিকৃত | % | ১.০০ | | | ৪০ | ৩৫ | ৩০ | ২৫ | ২০ | | |
| | | [১.২] ইউনিকোড ব্যবহার নিশ্চিত করা | [১.২.১] ইউনিকোড ব্যবহার নিশ্চিতকৃত | % | ০.৫০ | | | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ | | |
| | | [১.৩] মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক ২০১৬-১৭ অর্থবছরে প্রণীত তালিকা অনুযায়ী কমপক্ষে দুটি করে অনলাইন সেবা চালু করা | [১.৩.১] ন্যূনতম দুটি অনলাইন সেবা চালুকৃত | তারিখ | ১.০০ | | | ৩০-১১-২০১৭ | ০৭-১২-২০১৭ | ১৪-১২-২০১৭ | ২১-১২-২০১৭ | ২৮-১২-২০১৭ | | |
| | | [১.৪] মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক উদ্ভাবনী উদ্যোগ ও Small Improvement Project (SIP) বাস্তবায়ন | [১.৪.১] উদ্ভাবনী উদ্যোগ ও SIP-সমূহের ডাটাবেস প্রস্তুতকৃত | তারিখ | ১.০০ | | | ৩১-০৮-২০১৭ | ১৪-০৯-২০১৭ | ২৮-০৯-২০১৭ | ১২-১০-২০১৭ | ৩১-১০-২০১৭ | | |
| | | | [১.৪.২] উদ্ভাবনী উদ্যোগ ও SIP রেপ্লিকেটেড | % | ১.০০ | | | ৪০ | ৩০ | ২৫ | ২০ | ১০ | | |
| | | [১.৫] সেবার মান সম্পর্কে সেবাগ্রহীতাদের মতামত পরিবীক্ষণের ব্যবস্থা চালু করা | [১.৫.১] সেবাগ্রহীতাদের মতামত পরিবীক্ষণের ব্যবস্থা চালুকৃত | তারিখ | ১.০০ | | | ১৪-০৯-২০১৭ | ২৮-০৯-২০১৭ | ১২-১০-২০১৭ | ৩১-১০-২০১৭ | ১৪-১২-২০১৭ | | |
| | | [১.৬] মন্ত্রণালয়/বিভাগের প্রতিটি শাখায় বিনষ্টযোগ্য নথির তালিকা প্রণয়ন ও বিনষ্ট করা | [১.৬.১] তালিকা অনুযায়ী বিনষ্টকৃত নথি | % | ১.০০ | | | ১০০ | ৯০ | ৮০ | ৭০ | ৬০ | | |
| | | | [১.৬.২] শাখায় বিনষ্টযোগ্য নথির তালিকা প্রণীত | তারিখ | ০.৫০ | | | ১১-০১-২০১৮ | ১৮-০১-২০১৮ | ২২-০১-২০১৮ | ২৫-০১-২০১৮ | ৩১-০১-২০১৮ | | |
| | | [১.৭] সিটিজেন্‌স চার্টার অনুযায়ী সেবা প্রদান | [১.৭.১] সিটিজেন্‌স চার্টার বাস্তবায়ন সংক্রান্ত পরিবীক্ষণ ব্যবস্থা চালুকৃত | তারিখ | ১.০০ | | | ৩১-১২-২০১৭ | ১৫-০১-২০১৮ | ২২-০১-২০১৮ | ০৮-০২-২০১৮ | ২২-০২-২০১৮ | | |
| | | [১.৮] অভিযোগ প্রতিকার ব্যবস্থা বাস্তবায়ন | [১.৮.১] নিষ্পত্তি সংক্রান্ত প্রতিবেদন প্রেরিত | সংখ্যা | ০.৫০ | | | ১২ | ১১ | | | | | |
| | | | [১.৮.২] নিষ্পত্তিকৃত অভিযোগ | % | ০.৫০ | | | ৯০ | ৮০ | ৭৫ | ৭০ | ৬০ | | |
| [২] দক্ষতার সঙ্গে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন নিশ্চিত করা | ৪ | [২.১] ২০১৭-১৮ অর্থবছরের খসড়া বার্ষিক কর্মসম্পাদন চুক্তি দাখিল | [২.১.১] নির্ধারিত সময়সীমার মধ্যে খসড়া চুক্তি দাখিলকৃত | তারিখ | ০.৫০ | | | ২৩-০৪-২০১৭ | ২৪-০৪-২০১৭ | ২৫-০৪-২০১৭ | ২৬-০৪-২০১৭ | ২৭-০৪-২০১৭ | | |
| | | [২.২] ২০১৬-১৭ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির মূল্যায়ন প্রতিবেদন দাখিল | [২.২.১] নির্ধারিত তারিখে মূল্যায়ন প্রতিবেদন দাখিলকৃত | তারিখ | ১.০০ | | | ০৮-০৮-২০১৭ | ১০-০৮-২০১৭ | ১৩-০৮-২০১৭ | ১৬-০৮-২০১৭ | ১৭-০৮-২০১৭ | | |
| | | [২.৩] ২০১৭-১৮ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন পরিবীক্ষণ | [২.৩.১] ত্রৈমাসিক প্রতিবেদন প্রণীত ও দাখিলকৃত | সংখ্যা | ০.৫০ | | | ৪ | ৩ | | | | | |
| | | [২.৪] ২০১৭-১৮ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির অর্ধবার্ষিক মূল্যায়ন প্রতিবেদন দাখিল | [২.৪.১] নির্ধারিত তারিখে অর্ধবার্ষিক মূল্যায়ন প্রতিবেদন দাখিলকৃত | তারিখ | ১.০০ | | | ৩০-০১-২০১৮ | ৩১-০১-২০১৮ | ০১-০২-২০১৮ | ০৫-০২-২০১৮ | ০৬-০২-২০১৮ | | |
| | | [২.৫] আওতাধীন দপ্তর/সংস্থার সঙ্গে ২০১৭-১৮ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষর | [২.৫.১] বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত | তারিখ | ১.০০ | | | ১৫-০৬-২০১৮ | ১৮-০৬-২০১৮ | ১৯-০৬-২০১৮ | ২০-০৬-২০১৮ | ২১-০৬-২০১৮ | | |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | ভিত্তি বছর ২০১৫-২০১৬ | প্রকৃত অর্জন* ২০১৬-২০১৭ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৭-২০১৮ অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | প্রক্ষেপণ ২০১৮-২০১৯ | প্রক্ষেপণ ২০১৯-২০২০ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | |
| [৩] আর্থিক ও সম্পদ ব্যবস্থাপনার উন্নয়ন | ৩ | [৩.১] অডিট আপত্তি নিষ্পত্তি কার্যক্রমের উন্নয়ন | [৩.১.১] বছরে অডিট আপত্তি নিষ্পত্তিকৃত | % | ১.০০ | | | ৫০ | ৪৫ | ৪০ | ৩৫ | ৩০ | | |
| | | [৩.২] স্থাবর/অস্থাবর সম্পত্তির হালনাগাদ তালিকা প্রস্তুত করা | [৩.২.১] স্থাবর সম্পত্তির হালনাগাদ তালিকা | তারিখ | ০.৫০ | | | ০১-০২-২০১৮ | ১৫-০২-২০১৮ | ২৮-০২-২০১৮ | ২৮-০৩-২০১৮ | ১৫-০৪-২০১৮ | | |
| | | | [৩.২.২] অস্থাবর সম্পত্তির হালনাগাদ তালিকা | তারিখ | ০.৫০ | | | ০১-০২-২০১৮ | ১৫-০২-২০১৮ | ২৮-০২-২০১৮ | ২৮-০৩-২০১৮ | ১৫-০৪-২০১৮ | | |
| | | [৩.৩] মন্ত্রণালয়/বিভাগে কল্যাণ কর্মকর্তা নিয়োগ করা | [৩.৩.১] কল্যাণ কর্মকর্তা নিয়োগকৃত ও ওয়েব সাইটে প্রকাশিত | তারিখ | ১.০০ | | | ১৫-১০-২০১৭ | ২৯-১০-২০১৭ | ১৫-১১-২০১৭ | ৩০-১১-২০১৭ | ১৪-১২-২০১৭ | | |
| [৪] দক্ষতা ও নৈতিকতার উন্নয়ন | ২ | [৪.১] সরকারি কর্মসম্পাদন ব্যবস্থাপনা সংক্রান্ত প্রশিক্ষণসহ বিভিন্ন বিষয়ে কর্মকর্তা/কর্মচারীদের জন্য প্রশিক্ষণ আয়োজন | [৪.১.১] প্রশিক্ষণের সময় | জনঘণ্টা | ১.০০ | | | ৬০ | ৫৫ | ৫০ | ৪৫ | ৪০ | | |
| | | [৪.২] ২০১৭-১৮ অর্থবছরের শুদ্ধাচার বাস্তবায়ন কর্মপরিকল্পনা এবং পরিবীক্ষণ কাঠামো প্রণয়ন করা | [৪.২.১] শুদ্ধাচার বাস্তবায়ন কর্মপরিকল্পনা এবং পরিবীক্ষণ কাঠামো প্রণীত ও দাখিলকৃত | তারিখ | ০.৫০ | | | ১৩-০৭-২০১৭ | ৩১-০৭-২০১৭ | | | | | |
| | | [৪.৩] নির্ধারিত সময়সীমার মধ্যে ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন দাখিল করা | [৪.৩.১] ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন দাখিলকৃত | সংখ্যা | ০.৫০ | | | ৪ | ৩ | | | | | |
| [৫] তথ্য অধিকার ও স্বপ্রণোদিত তথ্য প্রকাশ বাস্তবায়ন জোরদার করা | ২ | [৫.১] তথ্য বাতায়ন হালনাগাদকরণ | [৫.১.১] তথ্য বাতায়ন হালনাগাদকৃত | % | ০.৫০ | | | ১০০ | ৯০ | ৮০ | | | | |
| | | [৫.২] স্বপ্রণোদিত তথ্য প্রকাশ | [৫.২.১] স্বপ্রণোদিত তথ্য প্রকাশিত | % | ০.৫০ | | | ১০০ | ৯০ | ৮৫ | ৮০ | ৭৫ | | |
| | | [৫.৩] মন্ত্রণালয়/বিভাগের বার্ষিক প্রতিবেদন প্রণয়ন ও প্রকাশ | [৫.৩.১] বার্ষিক প্রতিবেদন ওয়েবসাইটে প্রকাশিত | তারিখ | ১.০০ | | | ১৫-১০-২০১৭ | ২৯-১০-২০১৭ | ১৫-১১-২০১৭ | ৩০-১১-২০১৭ | ১৪-১২-২০১৭ | | |

*সাময়িক (provisional) তথ্য

আমি, সচিব, সেতু বিভাগ, মাননীয় মন্ত্রী, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়-এর প্রতিনিধি হিসাবে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিনিধি মন্ত্রিপরিষদ সচিবের নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে সচেষ্ট থাকব।

আমি, মন্ত্রিপরিষদ সচিব, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিনিধি হিসাবে সচিব, সেতু বিভাগ-এর নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত:

| | |
|---|---|
| সচিব<br>সেতু বিভাগ<br>সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয় | ০১/৭/২০১৭<br>তারিখ |
| মন্ত্রিপরিষদ সচিব<br>মন্ত্রিপরিষদ বিভাগ | তারিখ |

# শব্দসংক্ষেপ (Acronyms)

| ক্রমিক নম্বর | শব্দসংক্ষেপ (Acronyms) | বিবরণ |
|---|---|---|
| ১ | ডিপিপি | ডেভেলপমেন্ট প্রজেক্ট প্রোফর্মা |
| ২ | ডিবিএসটি | ডাবল বিটুমিনাস সারফেস ট্রিটমেন্ট |
| ৩ | এমএসসি | ম্যানেজমেন্ট সপোর্ট কনসালটেন্ট |
| ৪ | আরএস | রিসেটেলমেন্ট সাইট |
| ৫ | আরএপি | রিসেটেলমেন্ট এ্যাকশন প্ল্যান |
| ৬ | পিএমবিপি | পদ্মা মাল্টিপারপাস ব্রীজ প্রজেক্ট |
| ৭ | এমওইউ | মেমোরেন্ডাম অফ আন্ডারস্ট্যান্ডিং |
| ৮ | এমবি | মেজারমেন্ট বুক |
| ৯ | এলএপি | ল্যান্ড একুইজিশন প্ল্যান |
| ১০ | জিটুজি | গভার্ণমেন্ট টু গভার্ণমেন্ট |
| ১১ | এফডিইই | ফার্স্ট ঢাকা এলিভেটেড এক্সপ্রেসওয়ে কোম্পানী লিমিটেড |
| ১২ | ইএমপি | এনভায়রনমেন্টাল ম্যানেজমেন্ট প্ল্যান |
| ১৩ | ডিডি | ডিটেইলড ডিজাইন |
| ১৪ | সিএসসি | কনস্ট্রাকশন সুপারভিশন কনসালটেন্ট |
| ১৫ | বাসেক | বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ |
| ১৬ | বিআরটি | বাস র‌্যাপিড ট্রানজিট |

## সংযোজনী- ২: কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা এবং পরিমাপ পদ্ধতি-এর বিবরণ

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা | পরিমাপ পদ্ধতি | উপাত্ত সূত্র |
|---|---|---|---|---|---|
| [১.১] পদ্মা বহুমুখী সেতু প্রকল্পে ক্ষতিগ্রস্থদের পুনর্বাসন (মোট পরিবার ২৭৪৪) | [১.১.১] পুনর্বাসনকৃত পরিবার (ক্রমপুঞ্জিভূত) | পদ্মা বহুমুখী সেতু প্রকল্পে মুন্সীগঞ্জ জেলায় ৪ টি, শরীয়তপুর জেলায় ২টি ও মাদারীপুর জেলায় ১টি পুনর্বাসন সাইটে বিভিন্ন নাগরিক সুবিধাসহ ইতোমধ্যে পুনর্বাসিত ২৩৩০ টি পরিবারসহ মোট ২৭৪৪ টি পরিবারকে প্রকল্প চলাকালীন সময়ের মধ্যে পুনর্বাসনের পরিকল্পনা রয়েছে। উক্ত পরিকল্পনার অংশ হিসাবে ২০১৭-২০১৮ অর্থবছরে ক্রমপুঞ্জীভূত লক্ষ্যমাত্রা ২৫৩০ পরিবারকে পুনর্বাসন করা। | ভূমি মন্ত্রণালয়, সেতু বিভাগ, সংশ্লিষ্ট জেলা প্রশাসক, বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ | এন জি ও-এর মাসিক অগ্রগতি প্রতিবেদন | সেতু বিভাগের বার্ষিক প্রতিবেদন |
| [১.২] মুল সেতু নির্মাণ | [১.২.১] সম্পাদিত ভৌত নির্মাণ কাজ (ক্রমপুঞ্জিভূত) | পদ্মা বহুমুখী সেতু প্রকল্পের আওতাধীন মূল সেতুর ভৌত নির্মাণ কাজ ইতোমধ্যে ৪০% সম্পন্ন হয়েছে। ২০১৭-২০১৮ অর্থবছরে ক্রমপুঞ্জীভূত ভৌত লক্ষ্যমাত্রা ৭০%। | সেতু বিভাগ, বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ | নির্মাণ তদারকি পরামর্শক প্রতিষ্ঠানের (সি এস সি) মাসিক অগ্রগতি প্রতিবেদন | সেতু বিভাগের বার্ষিক প্রতিবেদন |
| [১.৩] নদীশাসন কাজ | [১.৩.১] সম্পাদিত ভৌত নির্মাণ কাজ (ক্রমপুঞ্জিভূত) | পদ্মা বহুমুখী সেতু প্রকল্পের আওতাধীন নদীশাসনের ভৌত নির্মাণ কাজ ইতোমধ্যে ৩২.৫০% সম্পন্ন হয়েছে। ২০১৭-২০১৮ অর্থবছরে ক্রমপুঞ্জীভূত লক্ষ্যমাত্রা ৫৭.৫০%। | সেতু বিভাগ, বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ | নির্মাণ তদারকি পরামর্শক প্রতিষ্ঠানের (সি এস সি) মাসিক অগ্রগতি প্রতিবেদন | সেতু বিভাগের বার্ষিক প্রতিবেদন |
| [১.৪] পরিবেশ সংরক্ষণের জন্য বনায়ন (ক্রমপুঞ্জিভূত) | [১.৪.১] সম্পাদিত বনায়ন কাজ | পদ্মা বহুমুখী সেতু প্রকল্পে বনায়ন কাজের মধ্যে পুনর্বাসন ও সার্ভিস এরিয়াগুলোতে সর্বমোট ৪২,০০০ টি গাছ লাগানো হয়েছে। ২০১৭-২০১৮ অর্থবছরে আরও ১,০০,০০০ টি গাছ রোপণ করা হবে। | সেতু বিভাগ, বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ | নির্মাণ তদারকি পরামর্শক প্রতিষ্ঠানের (সি এস সি) মাসিক অগ্রগতি প্রতিবেদন | সেতু বিভাগের বার্ষিক প্রতিবেদন |
| [১.৫] বঙ্গাবন্ধু সেতুর রক্ষণাবেক্ষণ ও টোল আদায় কার্যক্রম | [১.৫.১] বঙ্গাবন্ধু সেতুর নদীশাসন কাজের পাথর ক্রয় | ২০১৭-২০১৮ অর্থ বছরে বঙ্গাবন্ধু সেতুর নদীশাসন কাজের পাথর ক্রয় সম্পন্ন করা হবে। | সেতু বিভাগ, বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ | মেজারমেন্ট বুক (এম বি) | সেতু বিভাগের বার্ষিক প্রতিবেদন |
| | [১.৫.২] বঙ্গাবন্ধু সেতুর পূর্ব পুনর্বাসন এলাকার সার্ভিস রোড মেরামত | ২০১৭-২০১৮ অর্থ বছরে বঙ্গাবন্ধু সেতুর পূর্ব পুনর্বাসন এলাকার সার্ভিস রোড মেরামত কাজ সম্পন্ন করা হবে। | সেতু বিভাগ, বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ | মেজারমেন্ট বুক (এম বি) | সেতু বিভাগের বার্ষিক প্রতিবেদন |
| | [১.৫.৩] বঙ্গাবন্ধু সেতুর উভয় পাশে স্টেক ইয়ার্ড উন্নয়ন | ২০১৭-২০১৮ অর্থ বছরে বঙ্গাবন্ধু সেতুর উভয় পাশে স্টেক ইয়ার্ড উন্নয়ন কাজ সম্পন্ন করা হবে। | সেতু বিভাগ, বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ | মেজারমেন্ট বুক (এম বি) | সেতু বিভাগের বার্ষিক প্রতিবেদন |
| | [১.৫.৪] বঙ্গাবন্ধু সেতুর উভয় পাশে পৃথক ওজন স্টেশন নির্মাণ | ২০১৭-২০১৮ অর্থ বছরে বঙ্গাবন্ধু সেতুর উভয় পাশে পৃথক ওজন স্টেশন নির্মাণ কাজের ৭০% সম্পন্ন করা হবে। | সেতু বিভাগ, বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ | মেজারমেন্ট বুক (এম বি) | সেতু বিভাগের বার্ষিক প্রতিবেদন |
| [১.৬] মুক্তারপুর সেতু রক্ষণাবেক্ষণ ও সেতুর সংযোগ সড়কে অবস্থিত ক্ষতিগ্রস্থ সেতু মেরামত/পুনর্নির্মাণ কাজ | [১.৬.১] সম্পাদিত মেরামত/পুনর্নির্মাণ কাজ (ক্রমপুঞ্জিভূত) | মুক্তারপুর সেতুর সংযোগ সড়কে অবস্থিত ক্ষতিগ্রস্থ সেতুর অবস্থিত ক্ষতিগ্রস্থ সেতু মেরামত/পুনর্নির্মাণ কাজ ২০১৬-২০১৭ অর্থ বছরে ৮০% সম্পন্ন হয়েছে। অবশিষ্ট কাজ ২০১৭-২০১৮ অর্থবছরে সম্পন্ন করা হবে। | সেতু বিভাগ, বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ | মেজারমেন্ট বুক (এম বি) | সেতু বিভাগের বার্ষিক প্রতিবেদন |
| | [১.৬.২] সেতুতে পট বিয়ারিং স্থাপন | মুক্তারপুর সেতুতে ২০১৭-২০১৮ অর্থ বছরে পট বিয়ারিং স্থাপনের কাজ শেষ হবে। | সেতু বিভাগ, বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ | মেজারমেন্ট বুক (এম বি) | সেতু বিভাগের বার্ষিক প্রতিবেদন |

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা | পরিমাপ পদ্ধতি | উপাত্ত সূত্র |
|---|---|---|---|---|---|
| [২.১] সাপোর্ট টু ঢাকা এলিভেটেড এক্সপ্রেসওয়ে প্রকল্পের পুনর্বাসন কার্যক্রম | [২.১.১] পুনর্বাসন ভিলেজ নির্মাণ কাজ (ক্রমপুঞ্জিভূত) | সাপোর্ট টু ঢাকা এলিভেটেড এক্সপ্রেসওয়ে প্রকল্পের অতিরিক্ত ভূমি অধিগ্রহণ পরিকল্পনা ২০১৭-২০১৮ অর্থ বছরে অনুমোদিত হবে। | সেতু বিভাগ, বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ | ইন্ডিপেন্ডেন্ট ইঞ্জিনিয়ার (আই ই) এর মাসিক অগ্রগতি প্রতিবেদন | সেতু বিভাগের বার্ষিক প্রতিবেদন |
| | [২.১.২] অতিরিক্ত ক্ষতিপূরণ প্রদান (ক্রমপুঞ্জিভূত) | ২০১৭-২০১৮ অর্থ বছরে ঢাকা এলিভেটেড এক্সপ্রেসওয়ে প্রকল্পের পুনর্বাসন ভিলেজ নির্মান কাজ ২০% সম্পন্ন করা হবে। | সেতু বিভাগ, বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ | ইন্ডিপেন্ডেন্ট ইঞ্জিনিয়ার (আই ই) এর মাসিক অগ্রগতি প্রতিবেদন | সেতু বিভাগের বার্ষিক প্রতিবেদন |
| | [২.১.৩] অতিরিক্ত ভূমি অধিগ্রহণ পরিকল্পনা অনুমোদিত | ২০১৭-২০১৮ অর্থ বছরে ঢাকা এলিভেটেড এক্সপ্রেসওয়ে প্রকল্পের অতিরিক্ত ক্ষতিপূরণ প্রদানের কাজ ৪০% সম্পন্ন হবে। | সেতু বিভাগ, বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ | ইন্ডিপেন্ডেন্ট ইঞ্জিনিয়ার (আই ই) এর মাসিক অগ্রগতি প্রতিবেদন | সেতু বিভাগের বার্ষিক প্রতিবেদন |
| [২.২] ২য় ও ৩য় ট্রাঞ্চের ইউটিলিটি স্থানান্তর ও ভবন অপসারণ | [২.২.১] ভবন ও অবকাঠামো অপসারণ | ২০১৭-২০১৮ অর্থ বছরে ২য় ও ৩য় ট্রাঞ্চের ভবন ও অবকাঠামো অপসারণের কাজ সম্পন্ন হবে। | সেতু বিভাগ, বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ | নির্মাণ তদারকি পরামর্শক প্রতিষ্ঠানের (সি এস সি) মাসিক অগ্রগতি প্রতিবেদন | সেতু বিভাগের বার্ষিক প্রতিবেদন |
| | [২.২.২] ২য় ও ৩য় ট্রাঞ্চের ইউটিলিটি স্থানান্তর | ২০১৭-২০১৮ অর্থ বছরে ২য় ও ৩য় ট্রাঞ্চের ভবন ও অবকাঠামো অপসারণের কাজ সম্পন্ন হবে। | সেতু বিভাগ, বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ | নির্মাণ তদারকি পরামর্শক প্রতিষ্ঠানের (সি এস সি) মাসিক অগ্রগতি প্রতিবেদন | সেতু বিভাগের বার্ষিক প্রতিবেদন |
| [২.৩] এক্সপ্রেসওয়ে নির্মাণ কাজ | [২.৩.১] সম্পাদিত ভৌত নির্মাণ কাজ (ক্রমপুঞ্জিভূত) | ২০১৭-২০১৮ অর্থ বছরে এলিভেটেড এক্সপ্রেসওয়ে নির্মাণ কাজ ২০% সম্পন্ন হবে। | সেতু বিভাগ, বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ | নির্মাণ তদারকি পরামর্শক প্রতিষ্ঠানের (সি এস সি) মাসিক অগ্রগতি প্রতিবেদন | সেতু বিভাগের বার্ষিক প্রতিবেদন |
| [৩.১] বিআরটি করিডোরের এলিভেটেড অংশ নির্মাণ | [৩.১.১] ঠিকাদার নিয়োজিত | ২০১৭-২০১৮ অর্থ বছরে বিআরটি করিডোরের এলিভেটেড অংশ নির্মাণের ঠিকাদার নিয়োগ এর কাজ সম্পন্ন হবে। | সেতু বিভাগ, বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ | এন জি ও-এর মাসিক অগ্রগতি প্রতিবেদন | সেতু বিভাগের বার্ষিক প্রতিবেদন |
| | [৩.১.২] সম্পাদিত ভৌত নির্মাণ কাজ (ক্রমপুঞ্জিভূত) | ২০১৭-২০১৮ অর্থ বছরের সম্পাদিত বিআরটি করিডোরের এলিভেটেড অংশের ভৌত নির্মাণ কাজ ১০% সম্পন্ন হবে। | সেতু বিভাগ, বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ | এন জি ও-এর মাসিক অগ্রগতি প্রতিবেদন | সেতু বিভাগের বার্ষিক প্রতিবেদন |
| [৩.২] কর্ণফুলী টানেল নির্মাণ | [৩.২.১] অধিগ্রহণকৃত ভূমি (ক্রমপুঞ্জিভূত) | ২০১৬-২০১৭ অর্থ বছরে কর্ণফুলী টানেল নির্মাণ প্রকল্পের ৬৪.৭ একর ভূমি অধিগ্রহণ সম্পন্ন করা হয়েছে। ২০১৭-২০১৮ অর্থ বছরের ক্রমপুঞ্জিভূত লক্ষ্যমাত্রা ২৩৮.৩ একর। | সেতু বিভাগ, বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ | ইন্ডিপেন্ডেন্ট ইঞ্জিনিয়ার (আই ই) এর মাসিক অগ্রগতি প্রতিবেদন | সেতু বিভাগের বার্ষিক প্রতিবেদন |
| | [৩.২.২] সম্পাদিত ভৌত নির্মাণ কাজ (ক্রমপুঞ্জিভূত) | ২০১৬-২০১৭ অর্থ বছরে ভৌত নির্মাণ কাজ ৫% সম্পন্ন করা হয়েছে। ২০১৭-২০১৮ অর্থ বছরে ২০% সম্পন্ন করা হবে। | সেতু বিভাগ, বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ | ইন্ডিপেন্ডেন্ট ইঞ্জিনিয়ার (আই ই) এর মাসিক অগ্রগতি প্রতিবেদন | সেতু বিভাগের বার্ষিক প্রতিবেদন |
| [৩.৩] ঢাকা আশুলিয়া এলিভেটেড এক্সপ্রেসওয়ে নির্মাণ | [৩.৩.১] ডিপিপি অনুমোদন | ঢাকা আশুলিয়া এলিভেটেড এক্সপ্রেসওয়ে নির্মাণ প্রকল্পের ডিপিপি অনুমোদন ২০১৭-২০১৮ অর্থ বছরে সম্পন্ন হবে। | সেতু বিভাগ, বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ | ইন্ডিপেন্ডেন্ট ইঞ্জিনিয়ার (আই ই) এর মাসিক অগ্রগতি প্রতিবেদন | সেতু বিভাগের বার্ষিক প্রতিবেদন |

## সংযোজনী ৩: অন্যান্য মন্ত্রণালয়/বিভাগের/অধিদপ্তর/সংস্থা-এর নিকট প্রত্যাশিত সুনির্দিষ্ট কর্মসম্পাদন সহায়তাসমূহ

| প্রতিষ্ঠানের ধরণ | প্রতিষ্ঠানের নাম | সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচক | উক্ত প্রতিষ্ঠানের নিকট সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের প্রত্যাশিত সহায়তা | প্রত্যাশার যৌক্তিকতা | প্রত্যাশা পূরণ না হলে সম্ভাব্য প্রভাব |
|---|---|---|---|---|---|
| অন্যান্য | জেলা প্রশাসকের কার্যালয়, ঢাকা। | ভবন ও অবকাঠামো অপসারণ | ডিইই প্রকল্পের ২য় ও ৩য় ট্রাঞ্চের ভবন ও অবকাঠামো অপসারণ সংক্রান্ত কাজে জেলা প্রশাসকের কাযালয়ের সহায়তা | ডিইই প্রকল্পের ভবন ও অবকাঠামো অপসারণ সংক্রান্ত কাজে জেলা প্রশাসকের কার্যালয়ের সহায়তা প্রয়োজন। | প্রকল্প বাস্তবায়নে দীর্ঘসূত্রীতা |
| অন্যান্য | জেলা প্রশাসকের কার্যালয়, চট্টগ্রাম। | অধিগ্রহণকৃত ভূমি (ক্রমপুঞ্জিভূত) | কর্ণফুলী টানেলে-এর অধিগ্রহণকৃত ভূমি হস্তান্তর | জেলা প্রশাসকের কার্যালয় অধিগ্রহণকৃত ভূমি হস্তান্তরের ব্যবস্থা নিয়ে থাকে। | প্রকল্প বাস্তবায়নে দীর্ঘসূত্রীতা |